Faruque Hassan
President

BGMEA

সার্কুলার নংঃ বিজিএ/কাস/২০২৪/ ৮ তারিখঃ ০৩/০১/২০২৪

# সম্মানিত সকল সদস্যের জন্য

**বিষয়ঃ শতভাগ রপ্তানিকারক, শতভাগ প্রচ্ছন্ন রপ্তানিকারক এবং রপ্তানি প্রক্রিয়াকরণ অঞ্চল (ইপিজেড) এ অবস্থিত প্রতিষ্ঠানের ক্ষেত্রে বন্দর সেবার উপর মূসক অব্যাহতি প্রসঙ্গে।**

সূত্রঃ (ক) জাতীয় রাজস্ব বোর্ডের নথি নং০৮.০১.০০০০.০৬৮.১৭.০০২.১২/০২, তারিখ: ০৩/০১/২০২৪।
(খ) বিজিএমইএ'র পত্র নং বিজিএ/কাস/২০২৩/১৪৫৪৯, তারিখ: ০১/১০/২০২৩।
(গ) কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট বিভাগ, চট্টগ্রামের নথি নং ০১.১৫০০.৫০৩.০৫.৪১৬.২১/৮৩৯০, তারিখ: ৫/৭/২০২২।
(ঘ) এস.আর.ও নং ১৮৮-আইন/২০১৯/৪৫-মূসক, তারিখ: ১৩/০৬/২০১৯।

সম্মানিত সদস্যবৃন্দ ও সহকর্মীবৃন্দ,

আসসালামু আলাইকুম।

উপরোক্ত বিষয় ও সূত্রের প্রতি আপনাদের সকলের দৃষ্টি আকর্ষণ করছি। সম্প্রতি কাস্টমস এক্সাইজ ও ভ্যাট বিভাগ, চট্টগ্রামের সূত্রোক্ত 'গ' নথির নির্দেশনা মোতাবেক বন্দর সেবার বিপরীতে ১৫% ভ্যাট কর্তন শুরু করার উদ্যোগ গ্রহণ করে। বিষয়টি সম্পর্কে অবগত হওয়ার পর হতে আমরা জাতীয় রাজস্ব বোর্ডের সংশ্লিষ্ট সদস্য ও কর্মকর্তাদের সাথে বিভিন্ন সভায় মিলিত হই এবং পত্র প্রেরণ করি।

বিজিএমইএ'র প্রচেষ্টার ফলশ্রুতিতে জাতীয় রাজস্ব বোর্ড হতে সূত্রোক্ত 'ক' নথি জারীর মাধ্যমে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে শতভাগ রপ্তানিকারক, শতভাগ প্রচ্ছন্ন রপ্তানিকারক এবং রপ্তানি প্রক্রিয়াকরণ অঞ্চল (ইপিজেড) এ অবস্থিত প্রতিষ্ঠানের ক্ষেত্রে বন্দর সেবার বিপরীতে মূসক (ভ্যাট) অব্যাহতির বিষয়টি সুস্পষ্ট করে। যার ফলে রপ্তানিকারকগণ বন্দর সেবার বিপরীতে মূসক অব্যাহতির সুবিধা পুনরায় ভোগ করতে পারবে যা রপ্তানি বাণিজ্যের ব্যয় হ্রাস করে সক্ষমতা ধরে রাখতে সহায়ক হবে।

আপনাদের প্রয়োজনীয় কার্যার্থে সূত্রোক্ত নথিসমূহ এতদ্‌সঙ্গে সংযুক্ত করা হলো।

ধন্যবাদান্তে,

ফারুক হাসান
সভাপতি

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন
প্লট-এফ ১/এ, আগারগাঁও, শেরেবাংলা নগর
ঢাকা-১২০৭।

[ মূসক আইন ও বিধি শাখা]

নথি নং- ০৮.০১.০০০০.০৬৮.১৭.০০২.১২/ ০২

তারিখঃ ১৯ পৌষ, ১৪৩০ বঙ্গাব্দ।
০৩ জানুয়ারী, ২০২৪ খ্রিষ্টাব্দ।

**বিষয়ঃ শতভাগ রপ্তানিকারক, শতভাগ প্রচ্ছন্ন রপ্তানিকারক এবং রপ্তানি প্রক্রিয়াকরণ অঞ্চল (ইপিজেড) এ অবস্থিত প্রতিষ্ঠানের ক্ষেত্রে বন্দর সেবার উপর মূসকের প্রযোজ্যতা।**

সূত্রঃ (১) বিজিএমইএ এর পত্র নং-বিজিএ/কাস/২০২৩/১৪৫৪৯; তারিখ: ০১/১০/২০২৩ খ্রি:;
(২) অভ্যন্তরীন সম্পদ বিভাগের প্রজ্ঞাপন এসআরও নং-১৮৮-আইন/২০১৯/৪৫-মূসক, তারিখ:১৩/০৬/২০১৯ খ্রিঃ;
(৩) জাতীয় রাজস্ব বোর্ডের সাধারন আদেশ নং- ০৯/মূসক/২০২১, তারিখঃ ১১/১১/২০২১ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রতি দৃষ্টি আকর্ষণ করা হলো।

০২। সূত্রোক্ত (১) নং পত্রে উল্লেখ করা হয় যে, সম্প্রতি চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ কর্তৃক রপ্তানিমুখী তৈরি পোশাক শিল্প প্রতিষ্ঠান থেকে বন্দর সেবার বিপরীতে মূসক আদায় করছে। রপ্তানি বাণিজ্যের সক্ষমতা বজায় রাখার নিমিত্ত পোশাক শিল্পের ক্ষেত্রে বন্দর সেবার বিপরীতে মূসক আদায় হতে বিরত থাকার জন্য চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য অনুরোধ করা হয়েছে।

০৩। বিষয়টি পর্যালোচনা করে দেখা যায়,

(ক) প্রজ্ঞাপন এস.আর.ও. নং-১৮৬-আইন/২০১৯/৪৩-মূসক, তারিখঃ ১৩ জুন, ২০১৯ খ্রিষ্টাব্দ অনুযায়ী "বন্দর" অর্থ এমন কোনো উন্মুক্ত বা অন্যবিধ স্থান যেখানে আমদানিকৃত বা রপ্তানিযোগ্য যে কোনো পণ্য পণের বিনিময়ে বা অন্য কোনোভাবে মজুদ বা সংরক্ষণের ব্যবস্থা করা হয় এবং উক্তরূপ যে কোনো পণ্য মজুদ বা সংরক্ষণের সহায়ক প্রত্যক্ষ ও পরোক্ষ সকল প্রস্তুতিমূলক কর্মকান্ডসহ মজুদকৃত অথবা সংরক্ষিত উক্তরূপ কোনো পণ্যের নিরাপত্তা স্ক্যানিং সেবাসহ পণ্য চালানের নিষ্পত্তি বিষয়ক সকল কর্মকান্ড এবং এতদুদ্দেশ্যে পরিচালিত আইসিডি (ICD-Inland Container Depot) এবং সিএফএস (CFS-Container Freight) ও এই সেবার অন্তর্ভুক্ত হইবে।

(খ) প্রজ্ঞাপন এস.আর.ও নং-১৮৮-আইন/২০১৯/৪৫-মূসক, তারিখঃ ১৩/০৬/২০১৯ খ্রিষ্টাব্দ অনুযায়ী মূসক নিবন্ধিত শতভাগ রপ্তানিকারক, শতভাগ প্রচ্ছন্ন রপ্তানিকারক এবং রপ্তানি প্রক্রিয়াকরণ অঞ্চল (ইপিজেড) এ অবস্থিত প্রতিষ্ঠানের ক্ষেত্রে- রপ্তানি পণ্য উৎপাদনে ব্যবহৃত উপকরণ আমদানি ও তৈরি পণ্য উৎপাদনপূর্বক রপ্তানি উভয় পর্যায়ে "বন্দর" সেবাকে অব্যাহতি প্রদান করা হয়েছে।

০৪। বর্ণিতাবস্থায়, প্রজ্ঞাপন এস.আর.ও নং-১৮৮-আইন/২০১৯/৪৫-মূসক, তারিখঃ ১৩/০৬/২০১৯ খ্রিষ্টাব্দ অনুযায়ী মূসক নিবন্ধিত শতভাগ রপ্তানিকারক, শতভাগ প্রচ্ছন্ন রপ্তানিকারক এবং রপ্তানি প্রক্রিয়াকরণ অঞ্চল (ইপিজেড) এ অবস্থিত প্রতিষ্ঠানের ক্ষেত্রে- রপ্তানি পণ্য উৎপাদনে ব্যবহৃত উপকরণ আমদানি ও তৈরি পণ্য উৎপাদনপূর্বক রপ্তানি উভয় পর্যায়ে "বন্দর" সেবা অব্যাহতি প্রাপ্ত। বিষয়টি নির্দেশক্রমে অবহিত করা হলো।

03.01.24.

**[ মোঃ আমিনুল ইসলাম ]**
দ্বিতীয় সচিব (মূসক আইন ও বিধি)
ফোনঃ ০২২২২২১৭৭২৫, এক্সঃ ০৭৫৮
ই-মেইলঃ vatpolicy@gmail.com

প্রাপক:

সভাপতি
বাংলাদেশ গার্মেন্টস ম্যানুফেকচার্স এন্ড এক্সপোর্টারস এ্যাসোসিয়েশন (বিজিএমইএ)
বিজিএমইএ কমপ্লেক্স, হাউজ-৭/৭এ, সেক্টর-১৭, উত্তরা, ঢাকা।

L:\Desktop\Rafique\Federation of Bangladesh Customs Clearing & Forwarding Agents.doc

অনুলিপিঃ অবগতির জন্য

১। চেয়ারম্যান, বাংলাদেশ বন্দর কর্তৃপক্ষ, বন্দর ভবন, চট্টগ্রাম।

২। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, চট্টগ্রাম।

[ মোঃ আমিনুল ইসলাম ]
দ্বিতীয় সচিব (মূসক আইন ও বিধি)

Faruque Hassan
President

BGMEA

বিজিএ/কাস/২০২৩/ ১৪৫৪৯                                                    ০১ অক্টোবর, ২০২৩

**সদস্য (মূসক নীতি)**
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন
প্লট-এফ ১/এ, আগারগাঁও
শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭।

**বিষয়ঃ পোশাক শিল্প প্রতিষ্ঠানের পণ্য চালানের বিপরীতে চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ কর্তৃক মূসক আদায়করণ প্রসঙ্গে।**

**সূত্রঃ** (ক) কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট বিভাগ, আগ্রাবাদ, চট্টগ্রামের নথি নং০৮.০১.১৫০০.৫০৩.০৫.৪১৬.২১/৮৩৯০ তারিখঃ ৫/৭/২০২২।
**(খ) জাতীয় রাজস্ব বোর্ডের সাধারন আদেশ নং- ০৯/মূসক/২০২১, তারিখঃ ১১/১১/২০২১।**
**(গ) জাতীয় রাজস্ব বোর্ডের এস.আর.ও নং-১৮৮-আইন/২০১৯/৪৫-মূসক, তারিখঃ ১৩/০৬/২০১৯।**
**(ঘ) জাতীয় রাজস্ব বোর্ডের স্মারক নং- ০৮.০১.০০০০.০৬৮.১৭.০০২.১২/৭৭ (১), তারিখঃ ২০/০৩/২০১৮।**

প্রিয় মহোদয়,

উপরোক্ত বিষয় ও সূত্রের প্রতি আপনার সদয় দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, সূত্রোক্ত (খ), (গ) এবং (ঘ) স্মারকের মাধ্যমে রপ্তানিমুখী তৈরি পোশাক শিল্প প্রতিষ্ঠানের বন্দর সেবার বিপরীতে ভ্যাট অব্যাহতি প্রদান করা হয়েছে এবং শতভাগ রপ্তানিকারক পোশাক শিল্প প্রতিষ্ঠানের বিপরীতে চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ এবং প্রাইভেট আইসিডি কর্তৃক ভ্যাট আদায় না করার নির্দেশনা রয়েছে (কপি সংযুক্ত)। এছাড়াও ভ্যাট অব্যাহিত সংক্রান্ত সূত্রোক্ত নথিসমূহের কার্যক্রম এখনও বলবৎ আছে।

সম্প্রতি কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট বিভাগ, আগ্রাবাদ, চট্টগ্রাম কর্তৃক জারীকৃত সূত্রোক্ত (ক) নির্দেশনার মাধ্যমে চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ কর্তৃক রপ্তানিমূখী তৈরি পোশাক শিল্প প্রতিষ্ঠান থেকে আমদানি-রপ্তানি চালানের বিপরীতে মূসক আদায় করছে (আদায়ের রিসিপ্ট সংযুক্ত)।

চলমান বিশ্ব অর্থনৈতিক মন্দাবস্থায় দেশীয় ও আন্তর্জাতিক বিভিন্ন প্রতিকূলতার মধ্যে তৈরি পোশাক শিল্পের মালিকগন রপ্তানি আদেশের স্বল্পতাসহ সংকটময় পরিস্থিতি অতিক্রম করছে। এরূপ পরিস্থিতিতে পোশাক শিল্পের বন্দর সেবার উপর ১৫% হারে ভ্যাট আদায় অব্যাহত থাকলে ব্যয় বৃদ্ধি পেয়ে প্রতিষ্ঠানসমূহ রপ্তানিতে সক্ষমতা হারাবে যা এই সংকটময় মূহুর্তে কোন ভাবেই কাম্য নয়।

এমতাবস্থায় রপ্তানি বাণিজ্যের সক্ষমতা বজায় রাখার নিমিত্তে পোশাক শিল্পের চালানের বিপরীতে মূসক আদায় হতে বিরত থাকার জন্য চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য বিশেষভাবে অনুরোধ করছি।

ধন্যবাদান্তে,

**ফারুক হাসান**
সভাপতি

**সংযুক্তিঃ** বর্ণনামতে।

সংযুক্তি-: ০১

ভ্যাট নিয়ে নেই যার ব্যথা
১৬৫৫৫ নম্বরে বলুন কথা

সদরঘাট, পুরাতন কাস্টম হাউস
চট্টগ্রাম।
০৩১-৬১২৮১৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**বিভাগীয় কর্মকর্তার কার্যালয়**
কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট বিভাগ, আগ্রাবাদ।

০৩১-৭১৫৮০৮ ,
agrabadvatctg@gmail.com
www.chittagongvat.gov.bd

নথি নং-০৮.০১.১৫০০.৫০৩.০৫.৪১৬.২১/ ৮৬৭০ তারিখ ০৫/০৭/২০২২ খ্রিঃ।

প্রেরক : বিভাগীয় কর্মকর্তা

প্রাপক : চেয়ারম্যান
চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ
বন্দর ভবন, চট্টগ্রাম।
ভ্যাট রেজিস্ট্রেশন নং: ০০০৮২৭৯০১-০৫০৩

বিষয় : জাহাজে মালামাল বোঝাই ও খালাসকরণ সংক্রান্ত সেবার উপর মূল্য সংযোজন কর (মূসক) আদায়।

সূত্র ১। মহান জাতীয় সংসদে পাশকৃত অর্থ আইন, ২০২২ এর ধারা ৬০ মারফত আনীত পরিবর্তন, তারিখ: ০১/০৭/২০২২ খ্রি.।
২। কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, চট্টগ্রাম এর পত্র নথি নং- ৪র্থ/এ(১১)১০৮/মূসক বিবিধ-১/স ঃ দা/২০২০/৩৮৪২(১-০৮), তারিখ: ৩/০৭/২০২২ খ্রি.।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রতি আপনার সদয় দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, মহান জাতীয় সংসদে পাশকৃত অর্থ আইন, ২০২২ (২০২২ সনের ১৩ নং আইন) এর ধারা-৬০ মোতাবেক মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর ধারা- ২৪ এর উপ-ধারা-১১ সংশোধনীর মাধ্যমে "আন্তর্জাতিক পরিবহনে সেবা সরবরাহ" এবং "জাহাজে মালামাল বোঝাই ও খালাসকরণ সংক্রান্ত সরবরাহ" এই দুটি সেবার উপর প্রযোজ্য মূল্য সংযোজন কর হার "শূণ্য" প্রত্যাহার করা হয়েছে। ফলশ্রুতিতে, উক্ত দুটি সেবার উপর মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর ধারা-১৫ মোতাবেক ১৫ (পনের) শতাংশ মূল্য সংযোজন কর (মূসক) আরোপিত হয়েছে, যা ০১ জুলাই, ২০২২ খ্রি. হতে কার্যকর।

০২। বর্ণিতবস্থায়, আপনার দপ্তর কর্তৃক প্রাপ্ত উপর্যুক্ত সেবার সরবরাহ মূল্যের উপর মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর ধারা-১৫ মোতাবেক ১৫ (পনের) শতাংশ মূল্য সংযোজন কর কর্তনপূর্বক ট্রেজারি চালানের মাধ্যমে সরকারি কোষাগারে যথাযথ কোডে (অর্থনৈতিক কোড নং-১/১১৩৩/০০২৫/০৩১১) জমা প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সরকারি রাজস্ব আদায়ে আপনার সহযোগীতা একান্ত কাম্য।

০৫/০৭/২০২২
(ফাতেমা খায়রুন নূর)
উপ কমিশনার ও
বিভাগীয় কর্মকর্তা

নথি নং-০৮.০১.১৫০০.৫০৩.০৫.৪১৬.২১/ তারিখ : /০৭/২০২২ খ্রিঃ।

সদয় অবগতির জন্য :
০১। কমিশনার, কাস্টমস্, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, চট্টগ্রাম।
০২। রাজস্ব কর্মকর্তা, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট, আগ্রাবাদ সার্কেল, চট্টগ্রাম।

(ফাতেমা খায়রুন নূর)
উপ কমিশনার ও
বিভাগীয় কর্মকর্তা

| টার্মিনাল ম্যানেজার |
|---|
| এটিএম (শিঃ ও ইঃ)/(জিসিবি) |
| এটিএম (প্রশাঃ)/(সিএফএস) |
| এটিএম (শিঃ ও ইঃ)/(সিসিটি/এনসিটি) |
| এটিএম (কন্ট্রোল) |
| টার্মিনাল অফিসার (প্রশাঃ)/(হিঃ ও সাঃ) |
| টার্মিনাল অফিসার (শিঃ ও ইঃ) to institution (new) |
| টার্মিনাল অফিসার (কন্ট্রোল) |
| টার্মিনাল অফিসার (সি.এফ এস) |
| তত্ত্বাঃ / টি,আই / ইনচার্জ |

Billing
Handling
Shipping

| চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ | |
|---|---|
| সদস্য (প্রশাসন ও পরিকল্পনা) | |
| সদস্য (অর্থ) | ✓ |
| সদস্য (প্রকৌশল) | |
| সদস্য (হারবার ও মেরিন) | |
| পরিচালক (নিরাপত্তা) | |
| পরিচালক (পরিবহন) | ✓ |
| আইন কর্মকর্তা | |
| | |
| সচিব | |
| এস্টেট ম্যানেজার | |

চেয়ারম্যান
চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ

**চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ**
পরিচালক(ট্রাফিক),চবক এর দপ্তর

নং-।ডাট/।শপ/বিবিধ/২০২২/১৪২৩ তারিখ-০৭/০৭/২০২২ইং।

অনুলিপিঃ- জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ
১। টার্মিনাল ম্যানেজার/আইসিটি, পানগাঁও, ঢাকা।
২। ডেপুটি ট্রাফিক ম্যানেজার/আইসিডি, কমলাপুর, ঢাকা।
৩। টার্মিনাল ম্যানেজার, চবক।
৪। ডেপুটি ট্রাফিক ম্যানেজার (অপাঃ), চবক।

-০৭-২২
ট্রাফিক অফিসার (সঃ দঃ)
পক্ষে পরিচালক (ট্রাফিক)
চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

**[ মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক ]**

**প্রজ্ঞাপন**

তারিখ: ৩০ জ্যৈষ্ঠ, ১৪২৬ বঙ্গাব্দ / ১৩ জুন, ২০১৯ খ্রিস্টাব্দ।

**এস.আর.ও. নং-১৮৮-আইন/২০১৯/৪৫-মূসক।**— মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১২৬ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, এতদ্বারা মূল্য সংযোজন কর নিবন্ধিত শতভাগ রপ্তানিকারক, শতভাগ প্রচ্ছন্ন রপ্তানিকারক এবং রপ্তানি প্রক্রিয়াকরণ অঞ্চল (ইপিজেড) এ অবস্থিত প্রতিষ্ঠানের ক্ষেত্রে-

(ক) রপ্তানি পণ্য উৎপাদন পর্যায়ে ব্যবহৃত নিম্নে বিধৃত টেবিল-১ এর কলাম (১) ও (২) এ উল্লিখিত Customs Act, 1969 (Act IV of 1969) এর First Schedule এর শিরোনামা সংখ্যা (Heading No.) এবং উহার সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H.S. Code) এর আওতাভুক্ত কলাম (৩) এ বর্ণিত পণ্য সরবরাহের উপর প্রদেয় মূল্য সংযোজন কর হইতে অব্যাহতি প্রদান করিল, যথা:

**টেবিল-১**

| শিরোনামা সংখ্যা (Heading No.) | সামঞ্জস্য পূর্ণ নামকরণ কোড (H.S. Code) | পণ্যের বিবরণ (Description of Goods) |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| ২৭.১১ | ২৭১১.২১.০০ | প্রাকৃতিক গ্যাস |

(খ) রপ্তানি পণ্য উৎপাদন পর্যায়ে ব্যবহৃত নিম্নে বিধৃত টেবিল-২ এর কলাম (১) ও (২) এ উল্লিখিত সেবার শিরোনামা সংখ্যা এবং সেবার কোড এর আওতাভুক্ত কলাম (৩) এ বর্ণিত সেবার উপর প্রদেয় মূল্য সংযোজন কর হইতে অব্যাহতি প্রদান করিল, যথা:

**টেবিল-২**

| শিরনামা সংখ্যা | সেবার কোড | সেবার নাম |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| S০২৫ | S০২৫.০০ | ওয়াসা |
| S০৩৭ | S০৩৭.০০ | যোগানদার |
| S০৪০ | S০৪০.০০ | সিকিউরিটি সার্ভিস |
| S০৪৮ | S০৪৮.০০ | পরিবহন ঠিকাদার |
| S০৪৯ | S০৪৯.০০ | যানবাহন ভাড়া প্রদানকারী |
| S০৫৭ | S০৫৭.০০ | বিদ্যুৎ বিতরণকারী |
| S০৯৯ | S০৯৯.১০ | তথ্য-প্রযুক্তি নির্ভর সেবা |
| --- | --- | বাংলাদেশের ভৌগলিক সীমারেখার বাহির হইতে সেবা সরবরাহের ক্ষেত্রে সেবা গ্রহণকারী |
| --- | --- | শ্রমিক কল্যাণ ও বিনোদন ব্যয় |

| শিরনামা সংখ্যা | সেবার কোড | সেবার নাম |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| --- | --- | ল্যাবরেটরি টেস্ট চার্জ |

(গ) রপ্তানি পণ্য উৎপাদনে ব্যবহৃত উপকরণ আমদানি ও তৈরি পণ্য উৎপাদনপূর্বক রপ্তানি উভয় পর্যায়ে নিম্নে বিধৃত টেবিল-৩ এর কলাম (১) ও (২) এ উল্লিখিত সেবার শিরোনামা সংখ্যা এবং সেবার কোড-এর আওতাভুক্ত কলাম (৩) এ বর্ণিত সেবার উপর প্রদেয় মূল্য সংযোজন কর হইতে অব্যাহতি প্রদান করিল, যথা:

**টেবিল-৩**

| শিরোনামা সংখ্যা | সেবার কোড | সেবার নাম |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| S০০৫ | S০০৫.২০ | বন্দর |
| S০১৫ | S০১৫.১০ | ফ্রেইট ফরোয়ার্ডার্স |
| | S০১৫.২০ | ক্লিয়ারিং ও ফরোয়ার্ডিং সংস্থা |
| S০২৭ | S০২৭.০০ | বীমা কোম্পানি |
| S০৩৫ | S০৩৫.০০ | শিপিং এজেন্ট |

রাষ্ট্রপতির আদেশক্রমে,

(মোঃ মোশাররফ হোসেন ভূঁইয়া, এনডিসি)
সিনিয়র সচিব